গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।
www.dol.chittagongdiv.gov.bd

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.১০২.৩৪.০৫৫.১৯.২৫৩৮

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৩ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ রেজিঃ নং-চট্ট-১৪৬৯ এর কার্যকরী কমিটির নির্বাচন অনুষ্ঠান বিষয়ে সৃষ্ট বিরোধ নিরসনে সভা অনুষ্ঠান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ রেজিঃ নং-চট্ট-১৪৬৯ এর নথি পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত ইউনিয়নটি পূর্বে চট্টগ্রাম কাপ্তাই ও আরাকান সড়ক অটোটেম্পো শ্রমিক ইউনিয়ন, রেজিঃ নং-চট্ট-১৪৬৯, মদুনাঘাট, হাটহাজারী, চট্টগ্রাম নামে কার্যক্রম পরিচালনা করছিল, যার কার্যকরী কমিটির নির্বাচন গত ২০/০৩/২০১২খ্রি. তারিখ বিনাপ্রতিদ্বন্দ্বিতায় অনুষ্ঠিত হয়। গত ২০/০৩/২০১২খ্রি. তারিখের কমিটির সভাপতি হিসেবে জনাব মোতাহের হোসেন এবং সাধারণ সম্পাদক জনাব নাছির উদ্দিন নির্বাচিত মর্মে রেকর্ডদৃষ্টে দেখা যায়। উক্ত কমিটি কর্তৃক গত ১৩/১০/২০১৫খ্রি. তারিখে এ দপ্তরে ২০১৩ ও ২০১৪ইং সালের বার্ষিক রিটার্ণ দাখিল করা হয়। ২০১৪ইং সালে দাখিলকৃত বার্ষিক রিটার্ণে সদস্য সংখ্যা ২৩২ জন দেখানো হয়েছে।

০২। চট্টগ্রাম কাপ্তাই ও আরাকান সড়ক অটোটেম্পো শ্রমিক ইউনিয়ন, রেজিঃ নং-চট্ট-১৪৬৯ এর সর্বশেষ কার্যকরী কমিটির নির্বাচন গত ২৮/০৯/২০১৬খ্রি. তারিখ বিনাপ্রতিদ্বন্দ্বিতায় অনুষ্ঠিত হয়। উক্ত ফলাফল মতে সভাপতি জনাব উজ্জ্বল বিশ্বাস এবং সাধারণ সম্পাদক জনাব নজরুল ইসলাম (খোকন)। গত ২৮/০৯/২০১৬খ্রি. তারিখের কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক গত ১৬/১০/২০১৬খ্রি. তারিখ গঠনতন্ত্র সংশোধনের আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ইউনিয়নের নাম ও ঠিকানা পরিবর্তনসহ **(পরিবর্তিত নাম "চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ" ও পরিবর্তিত ঠিকানা: জাতীয় রেল শ্রমিক লীগ কার্যালয়, বাটালী রোড, এনায়েত বাজার, চট্টগ্রাম)** গঠনতন্ত্র সংশোধনী ২৭/১০/২০১৬ খ্রি. তারিখ এ দপ্তর কর্তৃক অনুমোদিত হয়।

০৩। বর্ণিত ইউনিয়নের নাম ও ঠিকানা সংশোধনীর বিষয়ে গত ২০/০৩/২০১২খ্রি. তারিখের কমিটির সভাপতি জনাব মোতাহের হোসেন ও সাধারন সম্পাদক জনাব নাছির উদ্দিন গত ০২/১১/২০১৬খ্রি. তারিখ এ দপ্তরে অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে এ দপ্তরের ০২ জন কর্মকর্তা সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনের আলোকে এ দপ্তরের পত্র নং-টিইউ-৩৪/৯০/১৬০৪ তারিখ: ২৪/১১/২০১৬ইং দ্বারা ২৮/০৯/২০১৬খ্রি. তারিখে গঠিত কমিটিকে গঠণতন্ত্র বিরোধী এবং আইনানুগ প্রক্রিয়ায় সম্পন্ন না হওয়ায় কেন বাতিলের পদক্ষেপ গ্রহণ করা হবে না মর্মে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় ও পরবর্তীতে এ দপ্তরের পত্র নং-টিইউ-৩৪/৯০/১৭৩২ তারিখ: ১৯/১২/২০১৬ইং দ্বারা ২৮/০৯/২০২০১৬খ্রি. তারিখের কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদককে প্রয়োজনীয় রেকর্ডপত্রসহ উপস্থিত হওয়ার জন্য বলা হয়। চাহিত রেকর্ডপত্র ২০/০৩/২০১২খ্রি. তারিখের কমিটির নিকট রক্ষিত থাকায় ২৮/০৯/২০১৬খ্রি. তারিখে গঠিত কমিটি রেকর্ডপত্র দাখিল করতে সক্ষম হননি মর্মে দেখা যায়। উল্লেখ্য যে, ২৮/০৯/২০১৬খ্রি. তারিখের কমিটির সভাপতি জনাব উজ্জ্বল বিশ্বাস গত ২৫/১২/২০১৬ ইং তারিখ পেশাগত ও ব্যক্তিগত কারণ উল্লেখ করে উক্ত ইউনিয়নের সভাপতির পদ হতে পদত্যাগ করেন। উল্লেখ্য যে, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন এর চট্টগ্রাম আঞ্চলিক শাখা কমিটির সাধারণ সম্পাদক কর্তৃক ২০/০৩/২০১২খ্রি. তারিখের কমিটিকে ইউনিয়নের কার্যক্রম পরিচালনার আদেশ প্রদানের জন্য অনুরোধ করে গত ০৯/০৩/২০২৩খ্রি. তারিখ এ দপ্তরে পত্র প্রেরণ করেন।

০৪। গত ২০/০৩/২০১২খ্রি. তারিখের কমিটি কর্তৃক গত ২৫/০১/২০১৮ খ্রি. তারিখ এ দপ্তরে ইউনিয়নের ২০১৫ ও ২০১৬ সালের বার্ষিক রিটার্ণ দাখিল করা হলে এ দপ্তরের টিইউ ৩৪/৯০/৪০২নং পত্রের দ্বারা বার্ষিক রিটার্ণ ফেরৎ প্রদান করা হয়। এ দপ্তরের প্রেরিত পত্রে সংক্ষুব্ধ হয়ে বর্ণিত ইউনিয়নের ২০/০৩/২০১২খ্রি. তারিখ কমিটির সাধারণ সম্পাদক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫২২৪/২০১৮ দায়ের করে। বর্ণিত পিটিশনটি বর্তমানে বিচারাধীন বলে জানা যায়।

উল্লেখ্য যে, বিগত ২৮/০৯/২০১৬খ্রি. তারিখের কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক উক্ত ইউনিয়নের গৃহীত কোন সাংগঠনিক কার্যক্রম সম্পর্কে দীর্ঘদিন যাবৎ এ দপ্তর অবহিত নন। তবে, ইউনিয়নের মধ্যেকার আভ্যন্তরীন কোন্দল বিষয়ে এ দপ্তরসহ অন্যান্য বিভিন্ন দপ্তরে পত্র যোগাযোগ হয়েছে মর্মে দেখা যায়। ২৮/০৯/২০১৬খ্রি. তারিখের কমিটি কর্তৃক গঠণতন্ত্র মোতাবেক কার্যকরী কমিটির নির্বাচন অনুষ্ঠান করা হয়নি এবং ২০১৫ হতে অদ্যাবধি বার্ষিক রিটার্ণ দাখিল করা হয়নি। ফলে বর্তমানে ইউনিয়নের প্রকৃত সদস্য সংখ্যার বিষয়টি নিশ্চিত হওয়া যায়নি।

০৫। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, গত ২৮/০৭/২০২৩খ্রি. তারিখ গঠণতন্ত্রের ২১ (ঘ) ধারা মোতাবেক বিশেষ সাধারণ সভা অনুষ্ঠানের দাবী করে গত ০৭/০৮/২০২৩ খ্রি. তারিখ উক্ত সাধারণ সভার কার্যবিবরণী এ দপ্তরের দাখিল করা হয়। দাখিলকৃত কার্যবিবরনীতে জনাব উজ্জ্বল বিশ্বাস-কে সভাপতি এবং জনাব মোঃ ওসমান গণি-কে সাধারণ সম্পাদক হিসেবে দেখানো হয়েছে।

০৬। ২৮/০৯/২০১৬খ্রি. তারিখের কমিটির সাধারণ সম্পাদক জনাব নজরুল ইসলাম খোকন কর্তৃক এ দপ্তরে প্রেরিত একাধিক পত্রে জনাব উজ্জ্বল বিশ্বাস বর্তমানে চট্টগ্রাম জেলা হাইয়েস মাইক্রোবাস শ্রমিক ইউনিয়ন, রেজিঃ নং-চট্ট-২৮১৬ এর সাধারণ সম্পাদক রয়েছেন উল্লেখ করে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৯৩ ধারা লংঘন করা হয়েছে মর্মে উল্লেখ করেন।

প্রসংঙ্গত উল্লেখ্য যে, ইতোমধ্যে ২৮/০৯/২০১৬খ্রি. তারিখের কমিটির সাধারণ সম্পাদক জনাব নজরুল ইসলাম খোকন আগামী ২০/০৯/২০২৩খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় কার্যকরী কমিটির নির্বাচন অনুষ্ঠানের নিমিত্ত বিশেষ সাধারণ সভা আহ্বান করে ২৯/০৮/২০২৩খ্রি. তারিখ এ দপ্তরকে অবহিত করে প্রতিনিধি চেয়ে পত্র প্রেরণ করেন। এছাড়া, গত ২৮/০৭/২০২৩ খ্রি.তারিখের দাবীকৃত সভায় গঠিত নির্বাচন উপ পরিষদ কর্তৃক ইতোমধ্যে কার্যকরী কমিটির নির্বাচনের নিমিত্ত তফসিল ঘোষণা করা হয়েছে মর্মে দেখা যায়। সুতরাং চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ রেজিঃ নং-চট্ট-১৪৬৯ এর উদ্ভুত পরিস্থিতিতে বিরোধীয় পক্ষগণের মধ্যে আইনসম্মত উপায়ে কারা কার্যক্রম পরিচালনা করছে তা সুনিশ্চিত হওয়ার আবশ্যকতা রয়েছে।

এমতাবস্থায়, চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ রেজিঃ নং-চট্ট-১৪৬৯ এর কার্যকরী কমিটির নির্বাচনকে কেন্দ্র করে পক্ষগণ কর্তৃক গৃহীত কার্যক্রমের সঠিকতা যাচাইকল্পে আগামী ১৯/০৯/২০২৩খ্রি. তারিখ বেলা ০৩:০০ ঘটিকায় এ দপ্তরে এক সভা আহ্বান করা হলো। সভায় বিতরণে উল্লেখিত ব্যক্তিগণকে স্ব স্ব প্রমাণকসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৩-০৯-২০২৩
সালাহউদ্দীন মাহমুদ
পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স
০২৩৩৩৩২৩২৫৮
directorctg1@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সভাপতি ও সাধারণ সম্পাদক (মেয়াদ উত্তীর্ণ কমিটি), চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ, রেজিঃ নং-চট্ট-১৪৬৯, জাতীয় রেল শ্রমিক লীগ কার্যালয়, বাটালী রোড, এনায়েত বাজার, কোতোয়ালী, চট্টগ্রাম (ইউনিয়নের সদস্য রেজিষ্ট্রার ও চাঁদা রেজিষ্ট্রারসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো);

২। জনাব উজ্জ্বল বিশ্বাস, সভাপতি দাবীদার, চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ, রেজিঃ নং-চট্ট-১৪৬৯, জাতীয় রেল শ্রমিক লীগ কার্যালয়, বাটালী রোড, এনায়েত বাজার, কোতোয়ালী, চট্টগ্রাম (ইউনিয়নের সদস্য রেজিষ্ট্রার ও চাঁদা রেজিষ্ট্রারসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো) এবং

৩। জনাব মোঃ ওসমান গনি, সাধারণ সম্পাদক দাবীদার, চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ, রেজিঃ নং-চট্ট-১৪৬৯, জাতীয় রেল শ্রমিক লীগ কার্যালয়, বাটালী রোড, এনায়েত বাজার, কোতোয়ালী, চট্টগ্রাম (ইউনিয়নের সদস্য রেজিষ্ট্রার ও চাঁদা রেজিষ্ট্রারসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।

**স্মারক নম্বর:**

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৩ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর ;

২। পুলিশ কমিশনার, পুলিশ কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম;

৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম;

৪। অফিসার ইনচার্জ, কোতোয়ালী থানা ও ডবলমুরিং থানা, চট্টগ্রাম;

৫। জনাব মোঃ রেজোয়ানুল করিম,অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম (অত্র দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।;

৬। আলহাজ্ব মুহাম্মদ শফর আলী, চেয়ারম্যান, নির্বাচন উপ-পরিষদ (২৮/০৭/২০২৩খ্রি. তারিখের সভা মতে), চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ (রেজিঃ নং-চট্ট-১৪৬৯), জাতীয় রেল শ্রমিক লীগ কার্যালয়, বাটালী রোড, এনায়েত বাজার, কোতোয়ালী, চট্টগ্রাম;

৭। জনাব মো: সিরাজুল ইসলাম, সদস্য, নির্বাচন উপ-পরিষদ (২৮/০৭/২০২৩খ্রি. তারিখের সভা মতে), চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ

(রেজিঃ নং-চট্ট-১৪৬৯), জাতীয় রেল শ্রমিক লীগ কার্যালয়, বাটালী রোড, এনায়েত বাজার, কোতোয়ালী, চট্টগ্রাম;

৮। জনাব মো: মিরন হোসেন মিলন, সদস্য, নির্বাচন উপ-পরিষদ (২৮/০৭/২০২৩খ্রি. তারিখের সভা মতে), চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ (রেজিঃ নং-চট্ট-১৪৬৯), জাতীয় রেল শ্রমিক লীগ কার্যালয়, বাটালী রোড, এনায়েত বাজার, কোতোয়ালী, চট্টগ্রাম;

৯। জনাব এম জসিম উদ্দিন রানা, সদস্য, নির্বাচন উপ-পরিষদ (২৮/০৭/২০২৩খ্রি. তারিখের সভা মতে), চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ (রেজিঃ নং-চট্ট-১৪৬৯), জাতীয় রেল শ্রমিক লীগ কার্যালয়, বাটালী রোড, এনায়েত বাজার, কোতোয়ালী, চট্টগ্রাম;

১০। জনাব মো: লোকমান হাকিম, সদস্য, নির্বাচন উপ-পরিষদ (২৮/০৭/২০২৩খ্রি. তারিখের সভা মতে), চট্টগ্রাম অটোরিক্সা অটোটেম্পো শ্রমিক লীগ (রেজিঃ নং-চট্ট-১৪৬৯), জাতীয় রেল শ্রমিক লীগ কার্যালয়, বাটালী রোড, এনায়েত বাজার, কোতোয়ালী, চট্টগ্রাম এবং

১১। অফিস কপি।

১৩-০৯-২০২৩
সালাহউদ্দীন মাহমুদ
পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স